
# উইন্ডোজ ৮-এ মাইক্রোসফট অ্যাকাউন্টে নতুন ইউজার সেটআপ

লুৎফুন্নেছা রহমান

অপারেটিং সিস্টেমের জগতে একচ্ছত্র আধিপত্য বিস্তারকারী মাইক্রোসফট তার ব্যবহারকারীর চাহিদার প্রতি লক্ষ রেখে বিভিন্ন ধরনের ফিচার সম্পৃক্ত করেছে তার প্রতিষ্ঠার শুরু থেকেই। এসব ফিচার ভার্সন আপগ্রেডের সাথে আপগ্রেড করা হয়। ইতোপূর্বে *কমপিউটার জগৎ*-এ উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেমে নতুন কী কী বৈশিষ্ট্য সংযোজিত হয়েছে, সে সম্পর্কে বেশ কিছু লেখা প্রকাশিত হয়েছে। এ লেখায় উইন্ডোজ ৮ কমপিউটারের বিভিন্ন ফিচারের মধ্য থেকে ইউজার অ্যাকাউন্ট তৈরি ও ম্যানেজ করার কৌশল দেখানো হয়েছে। এ লেখায় আরও সম্পৃক্ত করা হয়েছে কীভাবে ফ্যামিলি সেফটি ফিচারকে সক্রিয় করা যায় এবং বিভিন্ন স্টার্ট স্ক্রিন ব্যাকগ্রাউন্ড যুক্ত করা যায়।





**ধাপ-১ :** আপনার উইন্ডোজ পিসি বা ডিভাইস চালু করুন। এ লেখায় ব্যবহারকারীদের উদ্দেশে দেখানো হয়েছে কীভাবে সিঙ্গেল। লোকাল অ্যাকাউন্টে উইন্ডোজ সেটআপ করা হয়, যা স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট করা হয় অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে। এটি হলো একটি ডিফল্ট অপশন। এর অর্থ হলো আমরা এটি ব্যবহার করতে পারি অন্যান্য অ্যাকাউন্ট তৈরি করতে, যাতে একাধিক ব্যক্তি পিসিকে ব্যবহার করতে পারেন যখন স্টার্ট স্ক্রিনের সব টাইলসহ আবির্ভূত হয়। নিচে ডান প্রান্তে পয়েন্টারকে রোল করুন যাতে চার্মস বার আবির্ভূত হয় এবং সেটিং আইকনে ক্লিক করুন, যা দেখতে কগের মতো মনে হয়। এখান থেকেই আপনি কন্ট্রোলগুলো অ্যাডজাস্ট করতে পারবেন। যেমন স্ক্রিন ব্রাইটনেস, ভলিউম, ওয়্যারলেস সেটিং ইত্যাদি অনেক অপশন। এবার Change PC Settings-এ ক্লিক করুন।





**ধাপ-২ :** এটি ডিসপ্লে করে ব্র্যান্ড নতুন PC Settings স্ক্রিন, যা উইন্ডোজের আগের যেকোনো ভার্সনে সম্পূর্ণরূপে অদৃশ্য ছিল। নিচের বাম দিকে বিভিন্ন ধরনের হেডিং রয়েছে, যেগুলো আমাদেরকে উইন্ডোজ ৮-এর বেসিক কনফিগারেশনের অপশন পরিবর্তনের সুযোগ দেয়। যেমন Lock and Start, টাইম অ্যান্ড ডেট, উইন্ডোজ ৮ স্বয়ংক্রিয়ভাবে স্পেল বা বানান চেক করবে কি না ইত্যাদি অনেক অপশন। যেহেতু আমরা নতুন ইউজার তৈরি করতে চাচ্ছি যাতে পরিবারের অন্যান্য সদস্য একই পিসি ব্যবহার করতে পারেন, তাই Users-এ ক্লিক করুন কাজ চালিয়ে যাওয়ার জন্য। ডান দিকের প্যানেল পরিবর্তন হয় ব্যবহারকারীর সিলেকশনের জন্য এবং প্রদর্শন করে ব্যবহারকারীর ডিটেইলস। যেহেতু আমরাই হলাম বর্তমানে একমাত্র ব্যবহারকারী, যা এই পিসিতে তৈরি হয়েছে। নিচের ডান দিকের উইন্ডোর স্ক্রল ডাউন করে Add a user-এ ক্লিক করুন।




**ধাপ-৩ :** পরবর্তী স্ক্রিনে প্রচুর পরিমাণে টেক্সট দেখা যাবে। কেননা উইন্ডোজ ৮ চায় লোকাল অ্যাকাউন্টের পরিবর্তে সবাই যেনো মাইক্রোসফট অ্যাকাউন্টে সাইন করে ব্যবহার করার জন্য। এতে স্বাভাবিকভাবে মনে প্রশ্ন উদয় হতে পারে, আসলে পার্থক্যটা কী? মাইক্রোসফট অ্যাকাউন্ট ব্যবহার করে উইন্ডোজ ৮-এ সাইন করলে ভিন্ন ভিন্ন পিসির মধ্যে ব্যবহারকারীরা তাদের সেটিংকে সিনক্রোনাইজ করতে সক্ষম হবেন, যাতে তাদের মনে হবে তারা একইভাবে কাজ করছেন। তাই উইন্ডোজ স্টোর থেকে অ্যাপস কেনা উচিত। এর ফলে ব্যবহারকারীরা অনলাইন সার্ভিসে অ্যাক্সেস করতে পারবেন এবং তাদের সব পিসিতে একটি সিঙ্গেল নেম বা পাসওয়ার্ড কম্বো ব্যবহার করতে পারবেন। এ কাজের উদ্দেশ্য হলো ব্যবহারকারীরা মাইক্রোসফট অ্যাকাউন্ট বাটনে ক্লিক করতে যাচ্ছেন। যদি আপনি ইতোমধ্যে এগুলোর মধ্যে কোনো একটি পেয়ে যান (উদাহরণস্বরূপ যদি হটমেইল বা একটি এক্সবক্স ব্যবহার করেন) তাহলে খালি বক্সে সংশ্লিষ্ট ই-মেইল অ্যাড্রেস টাইপ করুন। অন্যথায় Sign up for a new email address-এ ক্লিক করুন।



**ধাপ-৪ :** পাসওয়ার্ড এবং অন্যান্য বিস্তারিত তথ্যসহ (উইন্ডোজ ৮-এর ফ্যামিলি সেফটি ফিচার অ্যাকাউন্টটি শিশুদের জন্য হতেও পারে কিংবা নাও হতে পারে। তাই এটি সম্পৃক্ত করতে পারেন।) নতুন ই-মেইল অ্যাড্রেস ফরমটি পূরণ করুন এবং তারপর নেক্সটে ক্লিক করুন। এরপর সিকিউরিটি ইনফো পেজ একটি ফোন নাম্বার, একটি বিকল্প ই-মেইল অ্যাড্রেস এবং গোপন প্রশ্ন রিকোয়েস্ট করবে। এ সবকিছুই এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে আপনি কোনো কারণে পাসওয়ার্ড ভুলে গেলে তা উদ্ধারে সহায়তা পাবেন। এবার নেক্সটে ক্লিক করুন। আপনার জন্ম তারিখ এবং জেন্ডার যুক্ত করে সিদ্ধান্ত নিন আপনি মাইক্রোসফটের কাছ থেকে প্রমোশনাল অফার পেতে চান কি না। এরপর নেক্সট বাটনে ক্লিক করুন। সবশেষে সাইন আপ আপনাকে স্ক্রিনে প্রদর্শিত র‌্যান্ডম ক্যারেক্টার টাইপ করতে বলবে। এটি ইন্টারনেট আগাছা দূর করানোর রোবট। এবার নেক্সটে ক্লিক করুন। এর ফলে অ্যাকাউন্ট নিশ্চিত হবে। পরিশেষে ফিনিশ বাটনে ক্লিক করুন আপনার কাজ শেষ করার জন্য।




**ধাপ-৫ :** পিসি সেটিং স্ক্রিনের পেছনে পয়েন্টারকে ওপরের দিকে নিয়ে গিয়ে হাতে পরিণত করুন। এরপর ক্লিক করে উইন্ডোকে ড্র্যাগ করে নিচে নিয়ে আসুন এবং স্ক্রিনের বাটন অফ করুন। এবার স্টার্ট স্ক্রিনে ফিরে আসুন, ওপরের ডান দিকে অ্যাকাউন্ট আইকনে ক্লিক করুন এবং পপ-আপ মেনু থেকে সাইন আউট বেছে নিন। যখন লক স্ক্রিন আবির্ভূত হবে, তখন সেখানে ক্লিক করে আগের ধাপে তৈরি করা অ্যাকাউন্টে সাইন করুন। এটি সেট হতে কয়েক মিনিট সময় নেবে। যখন স্টার্ট স্ক্রিন আবির্ভূত হবে, তখন আপনাকে অবহিত করবে যে ইতোমধ্যে একটি নতুন ই-মেইল মেসেজ হট মেইলে স্বাগত জানাচ্ছে।




**ধাপ-৬ :** আপনি ইচ্ছে করলে অ্যাকাউন্টকে এর নিজস্ব স্টার্ট স্ক্রিনে ব্যাকগ্রাউন্ড দিতে পারেন। এজন্য শুধু পয়েন্টারকে নিচের ডান দিকের প্যানেলে রোল ডাউন করুন এবং একটি ভিন্ন ধরনের ছবি বেছে নিন। পেজকে বন্ধ করুন পয়েন্টারকে ওপরের দিকে রোল করে যাতে এটি হাতে পরিণত হয় এবং ড্র্যাগ করুন পেজের নিচের দিকে। সবশেষে যেহেতু এটি মাইক্রোসফট অ্যাকাউন্ট ব্যবহার করে সেটআপ করা হয়েছে, তাই আমরা এখন উইন্ডোজ অনলাইন শপে অ্যাক্সেস করতে পারব। এজন্য স্টোর টাইলে ক্লিক করুন অ্যাক্সেস করার জন্য। এখানে আপনি পাবেন ফ্রি এবং পেইড অ্যাপ, গেমসহ অনেক কিছুর জন্য সব ধরনের অপশনের সম্ভার ■

*ফিডব্যাক : **swapan52002@yahoo.com***